গাংনী কাথুলি ইউনিয়নের ইউপি সদস্য আনারুল ইসলাম মারা গেছেন

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের একাধিকবার নির্বাচিত সদস্য (মেম্বর) ও স্থানীয় আওয়ামীলীগের নেতা আনারুল ইসলাম (৫৪) স্ট্রোকজনিত কারণে মারা গেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

আজ রবিবার (১৬ জুন) ভোররাত ৩ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

কাথুলি ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এই তথ্য নিশ্চিত করেছেন। আজ সকাল ১০ টার সময় রামকৃষ্ণপুর ধলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নামাজে জানাযা শেষে ধলা কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

আনারুল ইসলামের বড় ছেলে রাজু আহম্মেদ জানান, মঙ্গলবার দিবাগত মধ্যরাতে বাবার বুকে ব্যাথা অনুভব হলে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গেলো রাত ৩ টার দিকে মারা যান তিনি।

তিনি বলেন, চিকিৎসকরা জানিয়েছেন, বাবার হার্টের সমস্যার কারণেই স্ট্রোক করেছেন।

ইউপি মেম্বর আনারুল ইসলামের স্ত্রী, ৩ ছেলে, ১ মেয়ে, আত্বীয় স্বজন, সহকর্মী বন্ধু বান্ধব রয়েছেন।

এদিকে এলাকার জনপ্রিয় মেম্বর আনারুল ইসলামের মৃত্যুতে শোক জানিয়েছেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এলাকা সমন্বয়কারি হেলাল উদ্দীন।

সকাল থেকে দীর্ঘ লাইনে নারী পুরুষ, গরমে তিন নারী অসুস্থ্য

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নে সরকার নির্ধারিত মূল্যে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) পণ্য বিক্রির নির্ধারিত দিনে এলাকার হাজারও নারী পুরুষের উপচে পড়া ভিড়ে হিমশীম খেতে হয়েছে ডিলার ও শৃংখলার দায়ীত্বে নিয়োজিত আনসার সদস্যদের।

আজ বৃহস্পতিবার (৩০ জুন) সকাল ১১ টা থেকে পণ্য বিক্রি শুরু হয়।কিন্তু টিসিবি পণ্য বিক্রির খবরে এলাকার কয়েক হাজার নারী পুরুষ এসে জড়ো হয় কাথুলি ইউনিয়ন পরিষদ চত্ত্বরে।

তদারকির দায়িত্বে নিয়োজিত গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু বলেন কাথুলী ইউনিয়নে টিসিবি’র পণ্য’র মোট বরাদ্দ ২৭২৬ জনের। এর মধ্যে আজ বৃহস্পতিবার (৩০ জুন) এই ইউনিয়নে টিসিবির পণ্য দেয়া হয়েছে ১৩৫০ জনকে। টিসিবির পণ্য দেওয়ার খবরে ওই স্থানে এলাকার কয়েক হাজার মানুষ ভিড় করাই প্রচন্ড গরম তিন জন নারী অসুস্থ হয়ে পড়েন। ফলে ডিলার ও গ্রাম পুলিশকে হিমসিম খেতে হয়েছে।

স্থানীয় কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা বলেন, টিসিবির পণ্য নিতে সকাল থেকেই নারী পুরুষের এই দীর্ঘ লাইন ও দীর্ঘ সময় অপেক্ষা করে থাকা মানুষগুলোর চরম কষ্ট ভোগ করছেন। এখানে চাহিদার তুলনায় টিসিবির পণ্য বরাদ্দ কম। এছাড়া মাত্র একজন ডিলার সারা গাংনী উপজেলার এই বরাদ্দ বিতরণ করছেন। আমার মনে এই সংখ্যা আরও বৃদ্ধি করা উচিৎ। তিনি, টিসিবির পণ্য বরাদ্দ বৃদ্ধি ও ডিলারের সংখ্যাও বাড়ানোর জোর দাবী জানান।

টিসিবির পণ্য এবার ২২০ টাকায় ২ লিটার সয়াবিন তেল, ৫৫ টাকা কেজি দরে ১ কেজি চিনি এবং ৬৫ টাকা কেজি দরে ২ কেজি মসুর ডাল বিক্রি করা হচ্ছে।